



উত্তরায় ফাইন আর্টস ও টেকনোলজি ইনস্টিটিউট ভবন

আগামীর চিন্তা ও স্বপ্ন নিয়ে গড়ে উঠেছে যে শিক্ষা প্রতিষ্ঠান

নিজস্ব বার্তা পরিবেশক : আন্তর্জাতিক মানের শিক্ষাদান পদ্ধতি অনুসরণে আধুনিক প্রযুক্তি নির্ভর চারুকলা, সঙ্গীত ও শিল্পকলার ওপর স্নাতক, স্নাতকোত্তর, সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স চালুর মাধ্যমে যাত্রা শুরু করেছে ব্যতিক্রমী দু'টি বিদ্যাপীঠ শান্ত মারিয়াম অ্যাকাডেমি অফ ক্রিয়েটিভ টেকনোলজি এবং বাংলাদেশ ইনস্টিটিউট অফ আর্ট, ডিজাইন অ্যান্ড টেকনোলজি। এ বিদ্যাপীঠ দু'টি প্রতিষ্ঠান উদ্যোক্তা শান্ত মারিয়াম ফাউন্ডেশন।

উল্লেখ্য, একটি ব্যাপক পরিসরে এদেশের ভূগমূল পর্যায় থেকে অবহেলিত নাগরিক সমাজের আধুনিক প্রযুক্তি নির্ভর ও যুগোপযোগী শিক্ষা অর্জনের মাধ্যমে দক্ষ হয়ে ওঠার সুযোগ সৃষ্টিতে ঢাকার অনুরে গাজীপুরে ৪০ বিঘা জমির ওপর প্রতিষ্ঠিত হয়েছে এ শান্ত মারিয়াম ফাউন্ডেশন। নিবেদিতপ্রাণ ব্যবসায়ী ইমামুল কবীর শান্ত ও তার স্ত্রী তাহমিনা চৌধুরী (মারিয়াম) এ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা। আবাসিক স্কুল, ধর্মীয় শিক্ষালয়, মসজিদ, ডোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট কলেজ ও বিশ্ববিদ্যালয় প্রকল্প হাতে নেয়া হয়েছে এ ফাউন্ডেশন থেকে। আর সুবিধা বঞ্চিত মানুষের কর্ম দক্ষতা বৃদ্ধিতে প্রযুক্তি নির্ভর কলাকৌশল ও শিল্পকলার বহু ক্ষেত্রে দক্ষ হয়ে ওঠার জন্য প্রতিষ্ঠিত হয়েছে শান্ত মারিয়াম অ্যাকাডেমি অফ ক্রিয়েটিভ টেকনোলজি এবং বাংলাদেশ ইনস্টিটিউট অফ আর্ট, ডিজাইন অ্যান্ড টেকনোলজি।

অ্যাকাডেমির অধীনে সিঙ্গাপুরের পলিন স্কুল অফ আর্ট অ্যান্ড ডিজাইনের সঙ্গে যৌথ ব্যবস্থাপনায় চালু করা হচ্ছে ইন্টারিয়ার ডিজাইন, কম্পিউটার গ্রাফিক্স অ্যান্ড ডিজাইন, মাস্টিমিডিয়া অ্যান্ড ইন্টার্যাকটিভ ডিজাইন, অ্যাডভার্টাইজিং এবং ফ্যাশন ডিজাইনের বেকালিক কোর্সসমূহ। এছাড়া দেশ বরণ্য শিল্পী ও শিক্ষকদের তত্ত্বাবধানে পরিচালিত হবে নৃত্য, সঙ্গীত ও বাদ্যের বৈকালিক সার্টিফিকেট এবং ডিপ্লোমা কোর্স পরিচালিত হবে ভারতের বনহালী বিদ্যাপীঠের সঙ্গে যৌথ ব্যবস্থাপনায়।

বাংলাদেশ ইনস্টিটিউট অফ আর্ট, ডিজাইন অ্যান্ড টেকনোলজির অধীনে মালয়েশিয়ার শিমকক উইং ইনস্টিটিউট অফ ক্রিয়েটিভ টেকনোলজির অধিভুক্ত হয়ে চালু হতে যাচ্ছে 'গ্রাফিক ডিজাইন', 'ইন্টারিয়ার আর্কিটেকচার', 'ইলেকট্রনিক ডিজাইন অ্যান্ড মাস্টিমিডিয়া', 'ডিজিটাল অ্যান্ড ডিজিটাল আর্টস', 'ফ্যাশন অ্যান্ড রিটেইল ডিজাইন ও প্রোডাক্ট/ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের ওপর স্নাতক এবং ডিপ্লোমা কোর্স।

এছাড়া ভারতের বনহালী বিদ্যাপীঠ এবং দেশের জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তিতে এ প্রতিষ্ঠানে চালু হচ্ছে ব্যাচেলর অফ ফাইন আর্টস (পাস ও সম্মান), 'মাস্টার্স অফ ফাইন আর্টস', 'ব্যাচেলর অফ মিউজিক' এবং 'মাস্টার্স অফ মিউজিক' ডিগ্রি কোর্স। এসব ডিগ্রি কোর্স চালুর জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের

অভিভুক্তির বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন।

অ্যাকাডেমি এবং ইনস্টিটিউট উভয় প্রতিষ্ঠানে দেয়া হবে ল্যাবরেটরি ও স্টুডিও, গ্রন্থাগার ও আর্কাইভ, নিজস্ব পরিবহন ব্যবস্থা, স্বাস্থ্যসেবা কেন্দ্র, প্রার্থনা কক্ষ, পুস্তক ও সরঞ্জামাদি বিক্রয় কেন্দ্র, দেশে-বিদেশে শিক্ষা সফর, আর্ট গ্যালারি ও বিক্রয় কেন্দ্র এবং কম্পিউটার, ফ্যাশন ও ইন্টারিয়ার ডিজাইন ল্যাব সুবিধা।

উভয় প্রতিষ্ঠানে শিক্ষক হিসেবে থাকছেন দেশ-বিদেশের নামি-নামি শিক্ষকরা। যেমন পূর্বকালীন শিক্ষক হিসেবে থাকছেন চও শেখর দে (এম.এফ.এ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়) নামিম আহমেদ নাদভী (মিউজিয়লজি, এম.এস বিশ্ববিদ্যালয় বারোদা, ভারত), ইফতেখার উদ্দিন আহমেদ (এম.এফ.এ ঢাকা বিশ্ববিদ্যালয়) এবং ফিরোজ মাহমুদ (এম.এফ.এ ঢাকা বিশ্ববিদ্যালয়)। বর্তমান শিক্ষক হিসেবে থাকছেন অধ্যাপক বুলবন ওসমান, অধ্যাপক এমদাদুল হকসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউট ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৬ জন শিক্ষক।

এ প্রতিষ্ঠানে উচ্চতর ডিগ্রি এবং ডিপ্লোমা কোর্স সকল শ্রেণীর আর্থ-সামাজিক অবস্থানের ছাত্রছাত্রীদের জন্য উন্মুক্ত। মেধাবী ও দরিদ্র ছাত্রছাত্রীদের জন্য 'কলারশিপ ও স্টাইপেন্ডের ব্যবস্থা আছে। সুকুমার, স্বজনশীল ও একটি প্রযুক্তি নির্ভর শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে ড্রইং অ্যান্ড পেইন্টিং গ্রাফিক ডিজাইন, প্রিন্ট মেকিং, প্রোডাক্সন, চারুকলা, মূর্ৎশিল্প ও ভাস্কর্যের ওপর উচ্চ শিক্ষা গ্রহণের জন্য এ প্রতিষ্ঠান দু'টিই হবে দেশের সর্বভোম প্রতিষ্ঠান, এমন প্রত্যাশাই করছেন প্রতিষ্ঠাতারা। জর্তি ও অন্যান্য তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা বাড়ি-১, সড়ক-১৪, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা।